

RBI/2015-16/437

DCBR.BPD (PCB) Cir.No.20/12.05.001/2015-16

আষাঢ় 9, 1938

জুন 30, 2016

মুখ্য কার্যনির্বাহী আধিকারিক
সকল প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্ক
মাননীয় মহাশয়/ মহাশয়া,

**প্রধান মন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা (পিএমজেজে বিওয়াই) রূপায়নের নিয়মাবলীর
সংশোধন**

অনুগ্রহ করে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা (পিএমজেজেবিওয়াই) এবং প্রধান মন্ত্রী সুরক্ষা বীমা যোজনা(পিএমএসবিওয়াই) –এর রূপায়নের প্রয়োগবিধি বিষয়ক আমাদের মে 5, 2015 তারিখাঙ্কিত circular DCBR. BPD(PCB)Cir.No.8/12.05.001/2014-15 দেখুন।

2. ভারত সরকার প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা (পিএমজেজেবিওয়াই) –এর নিয়মাবলীর পুনর্মূল্যায়ন করেছে এবং যথাযোগ্য কর্তৃপক্ষ দ্বারা পিএমজেজেবিওয়াই–এর নিয়মাবলীতে একটি লিয়েন বিধি অন্তর্ভুক্ত করার(জুন 1, 2016 থেকে প্রযোজ্য) সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যার দ্বারা সেইসকল মৃত্যু যেগুলি তালিকাভুক্তিকরণের(এনরোলমেন্ট) তারিখের প্রথম 45 দিন মেয়াদকালের মধ্যে ঘটেছে সেগুলির ভিত্তিতে করা দাবি(ডেথ ক্লেম) মেটান হবে না, যার ফলাফলগত অর্থ হল এই যে সদস্য কর্তৃক তালিকাভুক্তিকরণের তারিখের থেকে 45 দিন মেয়াদ শেষ হবার পরই কেবলমাত্র ঝুঁকিভিত্তিক আচ্ছাদন-লাভ (রিস্ক কভার) শুরু হবে। যদিও, দুর্ঘটনা জনিত মৃত্যু লিয়েন বিধিটির আওতার বাইরে(এক্সেমট)থাকবে।

3. সকল প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্কসমূহকে জানান হচ্ছে তারা যেন উপরোক্ত সংশোধনটি রূপায়নের জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া আরম্ভ করে দেয়।

আপনার বিশ্বস্ত,

(সুমা ভার্মা)

প্রধান মুখ্য মহা প্রবন্ধক